

তারিখ ... 22 MAY 1985 ...
পৃষ্ঠা ... 12 কলাম ... 4 ...

000013

ডাক ও বেতারে বি এড কোর্স

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

দূর শিক্ষণ পদ্ধতির বি, এড, কোর্স পাতালাপ ভিত্তিক হইলেও ক্রটিপূর্ণ ডাক ব্যবস্থার উপর ভরসা না করিয়া কোর্সের মুদ্রিত কাগজপত্র প্রশিক্ষণার্থীদের হাতে হাতে দেওয়া হইবে।

গত ১৮ই মে দূর শিক্ষণের মাধ্যমে বি, এড, কোর্সের প্রশিক্ষকদের দুইদিন ব্যাপী কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে এই তথ্য প্রকাশ করা হয়। নব প্রতিষ্ঠিত দূর শিক্ষণ ইন্সটিটিউটে

অনুষ্ঠিত উদ্বোধনী অধিবেশনের প্রধান অতিথি শিক্ষা সচিব কাজী জালাল উদ্দিন আহমেদ বলেন, গ্রাম অঞ্চলে বিদ্যুতের ব্যবস্থা না থাকায় এই পদ্ধতির

প্রথম পর্যায়ে টেলিভিশনের উপরও তেমন নির্ভর করা হয় না। কোর্স শুরু হওয়ার পর রেডিওতে সপ্তাহে দুইদিন বিশেষ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করা হইতেছে বলিয়া তিনি উল্লেখ করেন। গ্রামে গ্রামে

অনেক রেডিও ট্রানজিষ্টার ছাড়াও এক হাজার মাধ্যমিক বিদ্যালয়ে সরবরাহকৃত অডিও কনসোলের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা বেতার অনুষ্ঠানাদি শুনিতে পারিবেন।

শিক্ষা সচিব বলেন, দূর শিক্ষণ পদ্ধতিতে ২০ হইতে ২৫ কোটি টাকা ব্যয়ে ৬/৭ বৎসরের মধ্যে মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত প্রায় সমুদয় অপ্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া

যাইবে। সনাতন পদ্ধতির বি, এড, কোর্সে প্রতি প্রশিক্ষণার্থীর জন্য সরকারী ব্যয় প্রায় ৯ হাজার টাকা, দূর শিক্ষণ পদ্ধতিতে এই ব্যয় দাঁড়াইবে প্রায় ৩ হাজার টাকা।

রাজশাহী শিক্ষা প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ গিরাস-উদ্দিন আহমেদ বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দূর শিক্ষণ পদ্ধতিতে বি, এড, কোর্স সংক্রান্ত অধ্যাদেশ প্রণীত হওয়ার এই নয়া পদ্ধতির প্রচলনের পথ কিছুটা বাধামুক্ত হইয়াছে। অনুষ্ঠানের সভাপতি দূর শিক্ষণ ইন্সটিটিউটের পরিচালক ডাঃ খান মোঃ সিরাজুল ইসলাম বলেন, এদেশে নূতন পদ্ধতির এই শিক্ষা আমাদের শিক্ষা ক্ষেত্রের সমৃদ্ধ দূরীকরণে একটি বাস্তবসম্মত পদক্ষেপ রূপে পরিগণিত হইবে।

আগামী পহেলা জুলাই হইতে রাজশাহী বিশ্ববিদ্যালয় ও দূর শিক্ষণ ইন্সটিটিউটের অধীনে মাধ্যমিক বিদ্যালয়ের ৪ হাজার শিক্ষককে বি, এড, কোর্সে ভুক্ত করিয়া সনাতন পদ্ধতির শিক্ষক প্রশিক্ষণের পাশাপাশি এই নয়া পদ্ধতি চালু করা হইতেছে। দেশের ১০টি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় এই কার্যক্রমে আঞ্চলিক শিক্ষা কেন্দ্র হিসাবে ব্যবহৃত হইবে।